



১. উদ্ভাবনের শিরোনাম : **Store Management Application**
২. কীভাবে যাত্রা শুরু/পটভূমি :

গতানুগতিক পদ্ধতিতে নায়েম স্টোরে সহস্রাধিক ধরনের মালামাল সংগ্রহ (ক্রয়) ও বিতরণের হিসাব বিবরণী স্টোর রেজিস্ট্রারের মাধ্যমে ম্যানুয়ালি রেকর্ড করা হতো। যার ফলে যোগ-বিয়োগ এর হিসাবে ভুল ত্রুটির সম্মুখীন হতে হতো। উপরন্তু এই রেকর্ড সময়মত যথাযথভাবে লিপিবদ্ধ করা সম্ভব হতো না। বিভিন্ন সময়ে মালামালের হালনাগাদ তথ্য স্টোর কিপার রাখতে পারতো না। ফলে মালামালের প্রকৃত অবস্থা জানা সম্ভব হতো না এবং এটাও বোঝা যেতো না কোন কতগুলো মালামাল আছে বা শেষ হয়েছে। ফলে অভিজ্ঞতা থেকে বলা যায় অনেক ক্ষেত্রে নায়েম-এ অনুষ্ঠিত অনেক প্রশিক্ষণ কোর্সে প্রয়োজনীয় প্রশিক্ষণ সামগ্রী যথাসময়ে সরবারহ করা যেত না, ফলে প্রশিক্ষণ কোর্স সুচারু রূপে পরিচালনা করতে সমস্যা হতো। এই অবস্থা থেকে পরিত্রানের জন্য সদা হালনাগাদ তথ্য নিশ্চিত করণের লক্ষ্যে এই পদ্ধতি গ্রহণ করা হয়।

- **বিদ্যমান সমস্যা/চ্যালেঞ্জ সমূহ :** বর্তমানে একটি ডেস্কটপ কম্পিউটারকে সার্ভার হিসেবে ব্যবহার করা হচ্ছে এবং যেখানে সফটওয়্যারটি হোস্ট করা হয়েছে। ডেস্কটপ কম্পিউটারকে দীর্ঘ দিন সার্ভার হিসেবে ব্যবহার করা ঝুঁকিপূর্ণ। এটির আধুনিকায়ন জরুরি।
- **অনুপ্রেরণার উৎস :** বর্তমানে নায়েম-এ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে, চলমান অনলাইন রেজিস্ট্রেশন অ্যাপ্লিকেশন এর উদ্ভাবন, প্রয়োগ এবং রক্ষণাবেক্ষণ সফলভাবে নিজেদের জনবলের মাধ্যমে বিনা খরচে করতে পারার ফলে নতুনভাবে স্টোর ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন উদ্ভাবন।
- **গৃহীত পদক্ষেপ সমূহ :**
 ১. গতানুগতিক ধারায় স্টোর ব্যবস্থাপনার ত্রুটিসমূহ চিহ্নিতকরণ;
 ২. ত্রুটি ও সমস্যাসমূহ দূরীকরণের জন্য সফটওয়্যার ডিজাইন ও পরিকল্পনা গ্রহণ;
 ৩. মালামালের নাম সমূহ শ্রেণিকরণ করে ডেটাবেজে অন্তর্ভুক্তকরণ;
 ৪. নায়েম-এ কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীর পদবীসহ নাম ডেটাবেজে অন্তর্ভুক্তকরণ;
 ৫. সফটওয়্যারে যথাসম্ভব নিরাপত্তা নিশ্চিতকরণ;
 ৬. ব্যবহারকারীর জন্য সফটওয়্যার যথাসম্ভব সহজীকরণ।
- **বাস্তবায়নে চ্যালেঞ্জ মোকাবেলার কৌশল :**
 ১. ক্যাটাগরি অনুযায়ী মালামালের নামসমূহ নিশ্চিত হওয়ার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর সহায়তা গ্রহণ;
 ২. সফটওয়্যার ডেভেলপমেন্টের চ্যালেঞ্জ সমূহ মোকাবেলার জন্য যথেষ্ট স্টাডি ও অনলাইন রিসোর্চ ও ইউটিউবের সহায়তা গ্রহণ।

- টেকসইকরণে গৃহীত ব্যবস্থাদির বিবরণী :

১. টেকসইকরণের জন্য আশু প্রয়োজন একটি সার্ভার কম্পিউটার (আনুমানিক মূল্য ৩ লাখ) ও একটি ব্যাক আপ সার্ভার/ডেস্কটপ কম্পিউটার;
২. নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ নিশ্চিতকরণ।

৩. উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নে অর্জিত কল্যাণ সমূহ :

১. নায়েম ও নায়েম প্রশিক্ষণ সংশ্লিষ্ট কমপক্ষে চার শ্রেণির (প্রশাসন, স্টোর কিপার, কোর্স সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী এবং সকল কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ) লোকবলের উদ্যোগে কল্যাণ সাধিত হয়।
২. উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের ফলে স্টোর ব্যবস্থাপনায় সর্বদা হালনাগাদ তথ্য সমৃদ্ধ হবে। কোর্সসমূহে প্রয়োজনীয় উপকরণ সরবরাহ নিশ্চিতকরণ সম্ভব।
৩. গৃহীত পদ্ধতিতে নির্বিঘ্নে তৎক্ষণাত্ মালামাল সমূহের সংখ্যা ও অবস্থা বিবেচনা করে চাহিত উপকরণ সমূহ যথাসময়ে সরবরাহ করা সম্ভব হচ্ছে। এক্ষেত্রে বলা প্রয়োজন স্টোর ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হচ্ছে।
৪. অপচয় রোধ করা সম্ভব হয়েছে।


৪. উপকার বা অংশীজনের প্রতিক্রিয়া/অনুভূতির বিবরণ :

উদ্ভাবিত ধারণা বাস্তবায়নের ফলে নায়েম-এ ও ধাপে ৩ শ্রেণির অংশীজনেরা সহজতর সেবা পাচ্ছেন। প্রশাসন বিভাগ তাৎক্ষণিক স্টোরের হালনাগাদ তথ্য সম্পর্কে অবহিত হতে পারছেন সরাসরি। এই ব্যবস্থাপনার ফলে প্রশাসন বিভাগের পক্ষে প্রতিটা মালামালের প্রকৃত তথ্য জেনে সত্ত্বর ক্রয়ের ব্যবস্থা নেওয়া সম্ভব হচ্ছে ফলে চাহিদা মাফিক মালামাল সরবরাহ করা সম্ভব হচ্ছে। বিভিন্ন কোর্স পরিচালনার সাথে সংশ্লিষ্ট কোর্স সমন্বয়ক ও কোর্স পরিচালক নির্বিঘ্নে কোর্স পরিচালনা করতে পারছেন; ফলে প্রশিক্ষণ কোর্সের মান অনেকাংশে উন্নত হয়েছে। মূল অংশীজন বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীগণ চাহিদা মাফিক প্রশিক্ষণ সামগ্রীর সরবরাহ পাওয়াতে আন্তরিকতার সাথে কোর্সে অংশগ্রহণ করে সাফল্যের সাথে প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করতে পারছেন।

৫. ভিডিও লিংক(ইউটিউব) : <https://youtu.be/CkTkXBFkjT4>

৬.

১. প্রফেসর ড. মোহাম্মদ মোস্তফা কামাল, পরিচালক, প্রশাসন ও অর্থ, নায়েম;
২. জনাব খান রফিকুল ইসলাম, উপ-পরিচালক, প্রশাসন ও অর্থ, নায়েম;
৩. ড. মোঃ সাফায়েত আলম, সহকারী পরিচালক, অর্থ, নায়েম;
৪. জনাব মোঃ আসাদুজ্জামান, সহকারী পরিচালক, কমন সার্ভিস, নায়েম;
৫. জনাব মোঃ শাহীন উদ্দিন, টিচার ট্রেনার, নায়েম।


(স্বপন কুমার সাহা)
প্রশিক্ষণ বিশেষজ্ঞ

ও

সদস্য সচিব, ইনোভেশন কমিটি